গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১০/১১/২০২৬ খ্রি.

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ১৯/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও প্রিন্টকপি সংগ্রহ করতে হবে। পূরণকৃত ফরমের প্রিন্টকপি (College Copy) ও প্রয়োজনীয় কাগজপত্রাদি নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে এবং Student's Copy নিজের কাছে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৫/১১/২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায়, ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

শর্তাবলী:

১। ফি জমাদানের পদ্ধতি:

(ক) শিক্ষার্থীকে আগামী ১২/১১/২০২৬ থেকে ১৯/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name ও Password দিয়ে https://rangamaticollege.eshiksaems.com -এ Login করে নির্ধারিত ভর্তি ফি জমা দিবে।

User Name: **rangamatistudent** এবং Password: **rangamatistudent**

(খ) Education Management System এর Admission -এ গিয়ে Click for New Admission ক্লিক করার পর Select Group অপশন থেকে ভর্তিচ্ছু বিভাগ সিলেক্ট করতে হবে এবং Admission Roll এন্ট্রি দিয়ে Check for Admission ক্লিক করতে হবে। পর্যায়ক্রমে চাহিত তথ্য সঠিকভাবে পূরণ করে Save বাটনে ক্লিক করলে ফিসহ আবেদন ফরম প্রদর্শিত হবে।

(গ) Session, Admission Roll এন্ট্রি দিয়ে Pay through Sonali Pay ব্যবহার করে যেকোন মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণির রোল নম্বর আসবে এবং শিক্ষার্থী/অভিভাবক এর মোবাইল নম্বরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন সংক্রান্ত SMS যাবে।

(ঘ) সর্বশেষ Application Form Reprint এবং Print Receipts ক্লিক করে Admission Roll এন্ট্রি দিয়ে পূরণকৃত ভর্তি ফরম এবং Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

২। ভর্তি ফি'র পরিমাণ নিম্নরূপ:

বিভাগ	ইসলাম ধর্মাবলম্বীদের ক্ষেত্রে	অন্যান্য ধর্মাবলম্বীদের ক্ষেত্রে
বিএ/বিএসএস/বিবিএস (পাস) ১ম বর্ষ- ৭ পত্র বিশিষ্ট	৩,৯৯১/-	৩,৯৪১/-
বিএসসি (পাস) ১ম বর্ষ- ৭ পত্র বিশিষ্ট	৪,১১৬/-	৪,০৬৬/-

৩। প্রয়োজনীয় কাগজপত্রাদি সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে-

বিভাগ	বিএ/বিবিএস (পাস) ১ম বর্ষ	বিএসএস/বিএসসি (পাস) ১ম বর্ষ
জমাদানের তারিখ ও স্থান	**১৭/১১/২০২৬, লাইব্রেরি ভবন**	**১৮/১১/২০২৬, লাইব্রেরি ভবন**

(ক) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট;
(খ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল প্রশংসাপত্র;
(গ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১ কপি;
(ঘ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ৩ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি- ১ কপি;
(ঙ) আবেদন ফরমের College Copy- ১ কপি;
(চ) নির্ধারিত ফি পরিশোধের Pay Slip- এর কপি;
(ছ) ১০"×১৪" সাইজের খাম- ১টি (নাম, রোল নং, বিভাগ, ব্লাড গ্রুপ, মোবাইল নম্বরসহ স্থায়ী ঠিকানা লিখতে হবে)।

(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
৩। আহ্বায়ক, ডিগ্রী (পাস) ১ম বর্ষ ভর্তি কমিটি/২০২৫-২০২৬, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
৫। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
৬। সংরক্ষণ নথি।